গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন,১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭. ৫৮(ক) তারিখ: ২৬/১/২০২২

**ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আব্দুল্লাহ আল মামুন, অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ২৬/১/২০২২খ্রি:, বুধবার।
সময় : সকাল ০৯:৩০ ঘটিকা।
স্থান : Zoom অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং-এ ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয় । সভাপতি ,সদস্য এবং সংশ্লিষ্টরা নিজ নিজ দপ্তর থেকে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করেন ।

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করার জন্য সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট-কে আহবান জানান। জনাব মঞ্জুর আলম, সিস্টেম এনালিস্ট সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা নির্ণয় | সভায় সকল বিভাগের বিভিন্ন ধরনের অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা একই পদ্ধতিতে (Uniquely) নির্ণয় করার জন্য "মিলিং ক্ষমতা নির্ণয়" সফটওয়্যারের সাথে অটোমেটিক চালকলের পাক্ষিক মিলিং ক্ষমতা নির্ণয় ফরম বিষয়ে আলোচনা হয়। সকল বিভাগের বিভিন্ন ধরনের (প্রতিটি ধরনের একটি করে) অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব মিলিং ক্ষমতা (চালকলে উপস্থিত থেকে) নির্ণয় করে তথ্যসমূহ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>এছাড়াও সকল বিভাগের বিভিন্ন ধরনের (প্রতিটি ধরনের একটি করে) অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব ছাঁটাই ক্ষমতা ১২/০২/২০২২ তারিখের মধ্যে নির্ণয় করে তথ্যসমূহ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>অটোমেটিক চালকলের তথ্য সংগ্রহের ক্ষেত্রে ফর্মে চালকলের প্রতিষ্ঠা কাল, কোম্পানির নাম (যেমন- Buhler/Satake ইত্যাদি), Clone এর ক্ষেত্রে একক ইউনিট/যন্ত্রাংশের ব্র্যান্ড নাম, প্রস্তুতকারী দেশের নাম ইত্যাদি তথ্যাদি সংগ্রহপূর্বক মিলিং ক্ষমতা নির্ণয় ফরম ও সফটওয়ারে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়। | ক) সকল বিভাগের বিভিন্ন ধরনের (প্রতিটি ধরনের একটি করে) অটোমেটিক চালকলের পাক্ষিক বাস্তব ছাঁটাই ক্ষমতা ১২/০২/২০২২ তারিখের মধ্যে নির্ণয় করে তথ্যসমূহ খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির নিকট প্রেরণ করতে হবে।<br><br>খ) অটোমেটিক চালকলের তথ্য সংগ্রহের ক্ষেত্রে ফর্মে চালকলের প্রতিষ্ঠা কাল, কোম্পানির নাম (যেমন- Buhler/Satake ইত্যাদি), Clone এর ক্ষেত্রে একক ইউনিট/যন্ত্রাংশের ব্র্যান্ড নাম, প্রস্তুতকারী দেশের নাম ইত্যাদি তথ্যাদি সংগ্রহপূর্বক মিলিং ক্ষমতা নির্ণয় ফরম ও সফটওয়ারে অন্তর্ভুক্ত করতে হবে;<br><br>গ) পারবয়েলিং ইউনিট এর হাঁড়ির তথ্য ও ধারণক্ষমতা এবং চালু ড্রায়ারের সংখ্যা ও ক্যাপাসিটি পৃথকভাবে হালনাগাদকৃত ফর্ম ও সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে।<br><br>ঘ) কোম্পানি কর্তৃক সরবরাহকৃত Manual/Literature বা L/C তে বর্ণিত মিলিং ইউনিটের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশসমূহের যেমন- ডি-হাস্কার, পলিশার/হোয়াইটনারের সংখ্যা, রোটারি শিফ্টার, গ্রেডার এর ক্ষমতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদি সহায়ক তথ্য | পরিচালক, সংগ্রহ, খাদ্য অধিদপ্তর।<br><br>আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)<br><br>সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/আশুগঞ্জ/নারায়নগঞ্জ/মোংলা/ সান্তাহার সাইলো;<br><br>উক্ত ইনোভেশন টিমের সদস্যগন |

| ক্র: নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পারবয়েলিং ইউনিট এর হাঁড়ির তথ্য ও ধারণক্ষমতা এবং চালু ড্রায়ারের সংখ্যা ও ক্যাপাসিটি পৃথকভাবে হালনাগাদকৃত ফর্ম ও সফটওয়্যারে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>কোম্পানি কর্তৃক সরবরাহকৃত Manual/Literature বা L/C তে বর্ণিত মিলিং ইউনিটের গুরুত্বপূর্ণ যন্ত্রাংশসমূহের যেমন- ডি-হাস্কার, পলিশার/হোয়াইটনারের সংখ্যা, রোটারি শিফ্টার, গ্রেডার এর ক্ষমতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদি সহায়ক তথ্য (Supporting Information) সফটওয়ার সন্নিবেশ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>ছাঁটাই ক্ষমতা নির্ণয়ে কালার সর্টার অতি গুরুত্বপূর্ণ ইউনিট। তাই কালার সর্টারের চ্যানেল/চেম্বার ও প্রযুক্তিগত তথ্যাদি জানা থাকলে গুণগতমান ও বিনির্দেশ সম্পন্ন চাল উৎপাদন ক্ষমতা ও সক্ষমতা নিশ্চিত হওয়া যায়। তাই এ অংশের সক্ষমতা/ ছাঁটাই ক্ষমতা নির্ণয়কল্পে সরেজমিনে মিলে উপস্থিত থেকে মিলের সকল ইউনিট চালু থাকা অবস্থায় নির্ণয় করার বিষয়ে আলোচনা করা হয়। | (Supporting Information) সফটওয়ার সন্নিবেশ করতে হবে।<br><br>ঙ) ছাঁটাই ক্ষমতা নির্ণয়ে কালার সর্টার অতি গুরুত্বপূর্ণ ইউনিট। তাই কালার সর্টারের চ্যানেল/চেম্বার ও প্রযুক্তিগত তথ্যাদি জানা থাকলে গুণগতমান ও বিনির্দেশ সম্পন্ন চাল উৎপাদন ক্ষমতা ও সক্ষমতা নিশ্চিত হওয়া যায়। তাই এ অংশের সক্ষমতা/ ছাঁটাই ক্ষমতা নির্ণয়কল্পে সরেজমিনে মিলে উপস্থিত থেকে মিলের সকল ইউনিট চালু থাকা অবস্থায় নির্ণয় করতে হবে। | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১/২০২২

(আব্দুল্লাহ আল মামুন)
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন- +৮৮-০২২২৩৩৮১৮৭১
ই-মেইল-adg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৫৮(ক)

তারিখ: ২৬/১/২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর [সদয় অবগতির জন্য];
২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয় , ঢাকা।
৩) পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/পউকা/ সংগ্রহ/চসসা/সববি বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৪)অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ;
৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/আশুগঞ্জ/নারায়নগঞ্জ/মোংলা/সান্তাহার সাইলো;
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর/বগুড়া/ ব্রাহ্মণবাড়িয়া/কিশোরগঞ্জ/শেরপুর/ঠাকুরগাও;
৮) ইন্সট্রাক্টর , প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;

(মঞ্জুর আলম)
সিস্টেম এনালিস্ট,
কম্পিউটার নেটয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর।